

শতাব্দিক শিক্ষার্থী পেল এমআইটি সনদ



যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) সনদ পেয়েছে বাংলাদেশের শতাব্দিক শিক্ষার্থী

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৫ জুন ২০২৪ | ২১:২৭



ময়মনসিংহের ভালুকায় যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) সনদ পেয়েছে শতাব্দিক শিক্ষার্থী। হেইলিবারি ভালুকা ও এমআইটির উদ্যোগে হেইলিবারি ভালুকায় স্থায়ী ক্যাম্পাসে আয়োজিত ‘এমআইটি লিডিং এজ ইন্টারন্যাশনাল স্টুডেন্ট কনফারেন্স’ সম্মেলনের শেষদিন শিক্ষার্থীদের সনদ দেওয়া হয়।

শিক্ষার্থীদের প্রকৌশল ও উদ্ভাবন ক্ষমতাকে উন্নত স্তরে প্রসারিত করা ও বহুমুখী অভিজ্ঞতা অর্জনের স্বীকৃতিস্বরূপ সনদ দেয় এমআইটির এজগারটন সেন্টার।

সমাপনী অনুষ্ঠানে হেইলিবারি ভালুকান ফাউন্ডিং হেডমাস্টার সাইমন ও' গ্রেডি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও হেইলিবারি ভালুকান উপদেষ্টা প্রফেসর এসএমএ ফয়েজ, একাডেমিক ডিরেক্টর ড. সন্দীপ অনন্ত নারায়ণসহ এমআইটির ফ্যাকাল্টি মেম্বার ও গ্র্যাজুয়েটরা উপস্থিত ছিলেন। আরও ছিলেন বেস্ট হোল্ডিংস লিমিটেডের চেয়ারম্যান আমিন আহমদ ছাড়াও অংশগ্রহণকারী সব শিক্ষার্থীর অভিভাবকরা।

সম্মেলনে এমআইটি ফ্যাকাল্টি মেম্বার ও গ্র্যাজুয়েটদের তত্ত্বাবধানে অংশগ্রহণকারীরা প্রকৌশল ও উদ্ভাবনের ক্ষমতা উন্নীত করা ছাড়াও অভিজ্ঞতা অর্জন করে। বিখ্যাত হ্যারি পটার সিরিজের আন্ডার ওয়াটার হ্যারি পটার কুইডিচ প্রতিযোগিতায়ও অংশ নেয় তারা।

সম্মেলনের সমাপনীতে হেইলিবারি ভালুকান ফাউন্ডিং হেডমাস্টার সাইমন ও' গ্রেডি বলেন, এমআইটি লিডিং এজ ইন্টারন্যাশনাল স্টুডেন্ট আয়োজনটি বাংলাদেশের শিক্ষার্থীদের মধ্যে সাড়া জাগিয়েছে। শুধু শিক্ষা ও উদ্ভাবনে বৈশ্বিক অংশীদারিত্ব বাড়ানোর প্রতিশ্রুতিই নয়,

সেইসঙ্গে আন্তর্জাতিক মঞ্চে বাংলাদেশের তরুণ প্রজন্মের সম্ভাবনা ও প্রতিভাকে তুলে ধরতে সহায় হবে।

পাঁচ দিনব্যাপী সম্মেলনের সাফল্য হিসেবে একাডেমিক উৎকর্ষতা ও উদ্ভাবনে বাংলাদেশ যে এগিয়ে যাচ্ছে সেটিই নির্দেশ করে। যা ছিল শিক্ষার্থীদের মাঝে ধারণার বিনিময়, আন্তঃবিষয়ক সহযোগিতা অন্বেষণ ছাড়াও বৈশ্বিক সব সমস্যা সমাধানে উন্মুক্ত প্ল্যাটফর্ম। যা কিনা আন্তর্জাতিক অঙ্গনে নেতৃত্ব দিতে পারে এমন ভবিষ্যৎ প্রজন্ম গঠনে অনুপ্রেরণা যুগিয়েছে।

ইন্টারন্যাশনাল স্টুডেন্ট কনফারেন্সের সার্বিক সহযোগিতায় ছিল সাউথইস্ট ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, পিএফইসি গ্লোবাল, বার্জার পেইন্টস ও কনফিডেন্স ট্রেড অ্যান্ড এডুক্যান।